গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ‘‘০৮ টি বিভাগীয় শহরে এবং ১২ টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) প্রবর্তন”- শীর্ষক প্রকল্পের উপর আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৭/০৯/২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | কক্ষ নং ৩০৯, ভবন নং ০৮, ৪র্থ তলা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা বলেন, মাদকাসক্ত ব্যক্তি সনাক্ত করার নিমিত্ত ডোপ টেস্টের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ‘‘০৮ টি বিভাগীয় শহরে এবং ১২ টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) প্রবর্তন”- শীর্ষক প্রকল্প প্রস্তাব করা হয়। বর্ণিত প্রকল্পটির উপর ১১/১২/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে দ্বিতীয় পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাদকাসক্ত সনাক্তকরণ তথা ডোপ টেস্টের বিষয়ে একটি চূড়ান্ত ও কার্যকর নীতিমালা প্রণয়ন এবং প্রণীত নীতিমালার ভিত্তিতে আলোচ্য প্রকল্পের আওতায় প্রস্তাবিত কার্যক্রমসমূহ অর্থ বিভাগের সাথে আলোচনার প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের পরিচালন বাজেটের আওতায় পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু ২০২৩-২৪ অর্থবছরের বছরের এডিপিতে প্রকল্পটি অননুমোদিত প্রকল্প (সবুজ পাতায়) হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। গত ২২/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি সভায় সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয় বর্ণিত প্রকল্পের একটি আন্তঃমন্ত্রণালয় সভা করার অনুরোধ জানান। উক্ত সিদ্ধান্তের আলোকে আজকের সভা আয়োজন করা হয়েছে।

০৩। জনাব মোঃ মাসুদ হোসেন, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সভাকে জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ২৪(৪) ধারায় মাদকাসক্ত ব্যক্তি সনাক্ত করার জন্য ডোপ টেস্ট করার কথা বলা হয়েছে। ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সরকারি চাকুরিতে প্রবেশের সময় এবং বিআরটিএ থেকে গাড়িচালকদের নতুন লাইসেন্স প্রদান ও লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ডোপটেস্ট বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সময় ডোপটেস্ট করা হচ্ছে বিধায় ডোপটেস্ট কার্যক্রম দ্রুত বাস্তবায়ন প্রয়োজন।

০৪। জনাব মোঃ মশিউর রহমান, উপসচিব, অর্থবিভাগ বলেন, পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডোপটেস্টের কার্যক্রমসমূহ পরিচালন বাজেটের আওতায় পর্যায়ক্রমে বাস্তবায়ন করা যেতে পারে।

০৫। জনাব পি. কে. এম. এনামুল করিম, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বলেন, রাজস্ব বাজেট থেকে ডোপটেস্ট বাস্তবায়নের ক্ষেত্রে ডোপটেস্টের জন্য প্রয়োজনীয় টেকনিক্যাল জনবল মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাংগঠনিক

কাঠামোতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে কোন প্রস্তাব পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে।

০৬। জনাব মুহাম্মদ আবদুর রউফ মিয়া, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, মাদক নিয়ন্ত্রণে মাদকাসক্ত সনাক্তকরণের জন্য ডোপটেস্ট কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ। ডোপটেস্ট কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।

০৭। সভাপতি বলেন, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজস্ব বাজেট থেকেই ডোপটেস্ট কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। ডোপটেস্ট কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ডোপটেস্টের জন্য প্রয়োজনীয় টেকনিক্যাল জনবল মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তকরণের প্রস্তাব দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের অনুরোধ জানান। তাছাড়া, চলমান ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এবং পরবর্তী বাজেটসমূহে ডোপটেস্ট কার্যক্রম পরিচালনার নিমিত্ত বাজেট বরাদ্দ রাখার জন্য অর্থবিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানান।

**০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১) ডোপ টেস্ট কার্যক্রমের জন্য কোন প্রকল্প গ্রহণ না করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালন বাজেটের আওতায় পর্যায়ক্রমে তা বাস্তবায়ন করতে হবে;
২) চলমান ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এবং পরবর্তী বাজেটসমূহে ডোপটেস্টের যন্ত্রপাতি এবং কিট ক্রয় বাবদ বাজেট বরাদ্দ রাখতে হবে। এ বিষয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অর্থবিভাগের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখবে;
৩) মাদকাসক্ত সনাক্তকরণ তথা ডোপ টেস্টের বিষয়ে একটি চূড়ান্ত ও কার্যকর নীতিমালা প্রণয়নের নিমিত্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নীতিমালার খসড়া দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে;
৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ডোপটেস্টের জন্য প্রয়োজনীয় টেকনিক্যাল জনবল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তকরণের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে পাঠাতে হবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখবে।

০৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.১৯.১৫৮

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০
২০ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) সচিব, অর্থ বিভাগ
৪) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

৫) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৮) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
৯) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন
উপসচিব